# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ, কৃষি কলেজ/ইনস্টিটিউটসমূহের বিভিন্ন বিভাগে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং- ৩০৬৬/১৭৫/কপ(পার্ট-১) ২০২৩ তারিখ: ২৩/০৭/২০২৩

১। (ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://aca.ru.ac.bd এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষার তারিখ যথাসময়ে প্রকাশিত হবে।

২। **ভর্তি আবেদনের যোগ্যতা:**

(ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০২০ ও তৎপরবর্তী বছরের এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(খ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৬ ও তৎপরবর্তী বছরের এস.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(গ) পরীক্ষার্থীকে পদার্থ, রসায়ন, গণিত/জীববিদ্যা বিষয়সহ বিজ্ঞান বিভাগ হতে এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য হতে হবে।

(ঘ) এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে জিপিএ ৩.২৫ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।

(ঙ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/কৃষি/ফিশারীজ/ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স/হেলথ/নার্সিং হতে পাশকৃত শিক্ষার্থীদের জন্য প্রাপ্ত জিপিএ ৪.০০ স্কেলকে ৫.০০ স্কেলে রূপান্তর করে যোগ্যতা নির্ধারণ করতে হবে। ডিপ্লোমা পরীক্ষায় জিপিএ ৪.০০ স্কেলে ২.৬ এর কম হলে আবেদন করতে পারবে না।

(চ) ২০২০, ২০২১ ও ২০২২ সালের এইচ.এস.সি./সমমান ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এইচ.এস.সি. (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে।

(ছ) জিসিই A লেভেল পরীক্ষা ৫ টি বিষয়ে এবং O লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। O লেভেল, A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে।

(জ) ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে অনলাইনে আবেদনকালে অবশ্যই ইংরেজি প্রশ্নপত্রের সম্মতি প্রদান করতে হবে। অন্যথায় ইংরেজি প্রশ্নপত্র সরবরাহ করা হবে না।

৩। **অনলাইনে আবেদনের সময়সীমা ও ফী :** ভর্তির আবেদন ফরম গ্রহণের সময়কাল **২৫/০৭/২০২৩ তারিখ দুপুর ১২.০০টা থেকে ৩১/০৮/২০২৩ রাত ১২.০০টা পর্যন্ত। ভর্তির আবেদন ফী বাবদ মোট ৬৬০/- টাকা (সার্ভিস চার্জসহ) অনলাইনে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে।**

৪। **ভর্তি পরীক্ষার স্থান:** ভর্তি পরীক্ষা রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

৫। **অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহ এবং আসন সংখ্যা:**

| ইঞ্জিনিয়ারিং কলেজ | কৃষি কলেজ/ইনস্টিটিউট |
|---|---|
| রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর; টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, বগুড়া; পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা; ইমপেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, খুলনা; আশ্রয় ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী, কেএসএফএল ইঞ্জিনিয়ারিং কলেজ, দিনাজপুর<br>**আসন সংখ্যা : মোট ৭০০টি** | ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব এপ্লাইড সায়েন্স এন্ড টেকনোলজি (আইআইএএসটি), রংপুর; হেনরী ইনস্টিটিউট অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, সিরাজগঞ্জ; বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, নাটোর; ভাষা সৈনিক গাজীউল হক ইনস্টিটিউট অব বায়োসায়েন্স, বগুড়া; উদয়ন কলেজ অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, রাজশাহী; গ্রাজুয়েট ইনস্টিটিউট অব এগ্রিকালচার এন্ড টেকনোলজি, কুষ্টিয়া<br>**আসন সংখ্যা : মোট ৯০০টি** |

৬। **পরীক্ষার মান বন্টন :**

| শাখা | বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ক (আবশ্যিক) | পদার্থ | ২৫ | প্রতি প্রশ্নে ১.২৫ | ৩১.২৫ |
| | রসায়ন | ২৫ | | ৩১.২৫ |
| | আই সি টি | ৫ | | ৬.২৫ |
| খ (ঐচ্ছিক) তবে যে কোন একটি অংশ উত্তর দিতে হবে | গণিত | ২৫ | প্রতি প্রশ্নে ১.২৫ | ৩১.২৫ |
| | জীববিদ্যা | ২৫ | | |
| | জীববিদ্যা+গণিত | ১৩+১২ | | |
| | মোট | ৮০ | | ১০০ |

**শর্তাবলী:**

i. যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী **ক সহ খ** শাখার জীববিদ্যা+গণিত বিষয়ে উত্তর দিবে তারা ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ইনস্টিটিউটসমূহের সব বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

ii. যে সকল শিক্ষার্থী **ক সহ খ** শাখার গণিত বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র ইঞ্জিনিয়ারিং কলেজে (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং (৬) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

iii. যে সকল শিক্ষার্থী **ক সহ খ** শাখার জীববিদ্যা অংশ/বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র কৃষি কলেজ/ইনস্টিটিউট-এর (১) এগ্রিকালচার (২) ফিশারীজ (৩) মাইক্রোবায়োলজি ও (৪) ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগের জন্য বিবেচিত হবে।

iv. **পরীক্ষার ধরন:** এমসিকিউ (MCQ), সময়: ১ (এক) ঘন্টা, প্রশ্ন সংখ্যা: ৮০টি, পূর্ণমান: ১০০, পাশ নম্বর: ৪০।

v. ভর্তি পরীক্ষায় ক (আবশ্যিক) শাখার ন্যূনতম ২০ এবং খ (ঐচ্ছিক) শাখার ন্যূনতম ৮ নম্বরসহ পাশ নম্বর ৪০ হবে।

vi. প্রতিটি প্রশ্নের ন্যূনতম মান ১.২৫। তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।

vii. জিসিই A লেভেল পরীক্ষা ৫টি বিষয়ে এবং O লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। O লেভেল, A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে।

viii. ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে অনলাইনে আবেদনকালে অবশ্যই ইংরেজি প্রশ্নপত্রের সম্মতি প্রদান করতে হবে। অন্যথায় ইংরেজি প্রশ্নপত্র সরবরাহ করা হবে না।

ix. এইচ.এস.সি. ২০২২ পরীক্ষায় বোর্ড কর্তৃক যে পাঠ্যসূচী অনুসরণ করা হয়েছে তার আলোকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

x. ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইনে আবেদনকালে রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউট সমূহের নামসহ চয়েস ফরম-এ পছন্দক্রম উল্লেখ করতে হবে।

(প্রফেসর মো. আবদুস সালাম)
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়